



রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ গতকাল ঢাকায় নর্থ সাউথ বিশ্ববিদ্যালয়ের দশম সমাবর্তন অনুষ্ঠানে স্বর্ণপদকপ্রাপ্তদের পদক পরিবেশন করেছেন। ছবি: ফোকাস বাংলা

বাজারের চাহিদা অনুযায়ী শিক্ষাক্রম তৈরি করুন

নর্থ সাউথ বিশ্ববিদ্যালয়ের সমাবর্তনে রাষ্ট্রপতি

বিজ্ঞান প্রতিবেদক ●

প্রমবাজারের চাহিদা অনুযায়ী বিশ্ববিদ্যালয়ের শিক্ষাক্রম তৈরির আহ্বান জানিয়েছেন রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ।

গতকাল বৃহস্পতিবার নর্থ সাউথ ইউনিভার্সিটির ১৭তম সমাবর্তন অনুষ্ঠানে আচার্য হিসেবে সভাপতির বক্তব্যে রাষ্ট্রপতি এ কথা বলেন। রাজধানীর বনুসরায় অবস্থিত বিশ্ববিদ্যালয়ের নিজস্ব ক্যাম্পাসে এই সমাবর্তন অনুষ্ঠান হয়।

সমাবর্তনে মোট এক হাজার ৪২৫ জন শিক্ষার্থীকে ডিগ্রি দেওয়া হয়। এর মধ্যে কৃতী ফলের জন্য তিনজনকে আচার্যের স্বর্ণপদক ও

দুজনকে উপাচার্যের স্বর্ণপদক দেওয়া হয়।

সমাবর্তন বক্তা ছিলেন যুক্তরাষ্ট্রের সাবেক কংগ্রেসম্যান সিনথিয়া এন ম্যাককিনি।

রাষ্ট্রপতি বলেন, শিক্ষাক্রম প্রমবাজারের সঙ্গে সামঞ্জস্যপূর্ণ হতে হবে। তিনি বলেন, শুধু সনদনির্ভর শিক্ষা হলে হবে না, শিক্ষা হতে হবে সৃজনশীল।

সমাবর্তনে আরও বক্তব্য দেন শিক্ষামন্ত্রী নূরুল ইসলাম নাহিদ, বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের চেয়ারম্যান এ কে আজাদ চৌধুরী, নর্থ সাউথ ইউনিভার্সিটির উপাচার্য আমিন সরকার, ট্রাস্টি বোর্ডের চেয়ারম্যান রাণীব আলী প্রমুখ।